



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[কর অব্যাহতি শাখা]
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

নথি নং-৮(২৩১) দ্বিঃসং-১৭(কঃঅঃ-২)/২০০৯/৫৬৯

তারিখঃ ৩০/০৭/২০২৩ খ্রিঃ।

সনদপত্র নং- ২০৮।

বিষয়ঃ আয়কর আইন, ২০২৩ এর বিধি-৪ অনুযায়ী আয়কর কর্তন ব্যতিরেকে বিল পরিশোধের সনদপত্র।

জাতীয় রাজস্ব বোর্ড এ মর্মে সনদপত্র প্রদান করছে যে, আয়কর আইন, ২০২৩ এর ধারা ৯০ এর সঙ্গে সম্পর্কযুক্ত উৎসে কর বিধিমালা, ২০২৩ এর বিধি ৪ মোতাবেক অর্থ পরিশোধের দায়িত্বে নিয়োজিত কর্তৃপক্ষ কর্তৃক, আই, বি, সি,এস প্রাইমেক্স সফটওয়্যার (বিডি) লিমিটেড [টি.আই.এন-১৯৭৬৪৭৯৪১৮৮৬/সা-৩১৬, কর অঞ্চল-১৫, ঢাকা], কে আয়কর আইন, ২০২৩ এর ৬ষ্ঠ তফশিল পার্ট-১, প্যারা-২১ অনুযায়ী নিম্নবর্ণিত ব্যবসা হতে অর্জিত আয়ের উপর আয়কর বাবদ কোন অর্থ কর্তন করবেন না।

ক্রমিক নং- (ক) সফটওয়্যার ডেভেলপমেন্ট

(ড) আইটি সহায়তা ও সফটওয়্যার মেইটেন্যান্স সার্ভিস

০২। তবে এ সনদপত্র করদাতার উপরিউক্ত ব্যবসা বহির্ভূত আমদানীকৃত সফটওয়্যার ক্রয় বিক্রয় ও কম্পিউটার হার্ডওয়্যার, প্রিন্টার ও আনুষঙ্গিক যন্ত্রাংশ সরবরাহ অথবা ক্রয়-বিক্রয়, ব্যাংক সুদ, অন্য কোন সেবা প্রদান, ৬ষ্ঠ তফশিল পার্ট-১, প্যারা-২১ বহির্ভূত সেবা বা ব্যবসার কোন বিল প্রাপ্তি এবং অন্যান্য ব্যবসার ক্ষেত্রে প্রযোজ্য নয়।

০৩। আয়কর আইন, ২০২৩ এর ধারা ৭৬(৫) এর শর্তাবলী অবশ্যই পরিপালন করতে হবে।

০৪। আয়কর আইন, ২০২৩ এর ৬ষ্ঠ তফশিল পার্ট-১, প্যারা-২১ মোতাবেক ইস্যুকৃত এ সনদপত্রের মেয়াদ ০১/০৭/২০২৩ (পহেলা জুলাই, দুই হাজার তেইশ) হতে ৩০/০৬/২০২৪ (ত্রিশ জুন, দুই হাজার চব্বিশ) তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

 30.7.2023

(মোঃ গোলাম কিবরিয়া)

দ্বিতীয় সচিব (কর অব্যাহতি)

প্রাপকঃ

ব্যবস্থাপনা পরিচালক

আই, বি, সি,এস প্রাইমেক্স সফটওয়্যার (বিডি) লিমিটেড

হাউজ নং-৫১, রোড নং-১০এ, ধানমন্ডি, আ/এ, ঢাকা-১২০৯।

নথি নং-৮(২৩১) দ্বিঃসং-১৭(কঃঅঃ-২)/২০০৯/

তারিখঃ ৩০/০৭/২০২৩ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'লঃ

১। কর কমিশনার, কর অঞ্চল-১৫, ঢাকা।



(মোঃ গোলাম কিবরিয়া)

দ্বিতীয় সচিব (কর অব্যাহতি)